**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
www.teaboard.gov.bd

স্মারক নং: ২৬.০৯.০০০০.১০১.১১.০১৯.২৪.১২৫০

তারিখ: ০২ আষাড় ১৪৩৩ ব.
১৬ জুন ২০২৬ খ্রি.

# নিয়োগ পত্র

বাংলাদেশ চা বোর্ড নিয়োগ পরীক্ষা-২০২৪ এ অপেক্ষমান তালিকা হতে নিয়োগের নিমিত্ত ২৪ মে ২০২৬ খ্রি. তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ চা বোর্ডের ২নং সিলেকশন কমিটির সভার সুপারিশ এবং যথাযথ কতৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১০২০০-২৪৬৮০/- টাকা বেতনক্রম (গ্রেড-১৪) এবং তার জন্য প্রযোজ্য বিধি মোতাবেক অন্যান্য সুবিধাদিসহ নিম্নোক্ত প্রার্থীদের **"সার্ভেয়ার"** পদে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | অপেক্ষমান তালিকার ভিত্তিতে মেধাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ০১ | ১ম | S-১৯ | জনাব আনিসুর রহমান<br>পিতা: মোঃ সন্তোষ আলী<br>মাতা: জাহানার | বাসা ও সড়ক: সন্তেষের বাড়ি, গ্রাম: হাজীপাড়া, ইউ:/ওয়ার্ড: বাচামারা, ডাকঘর: বাচামারা (১৮৬০), উপজেলা: দৌলতপুর, জেলা: মানিকগঞ্জ। | বাসা ও সড়ক: সন্তেষের বাড়ি, গ্রাম: হাজীপাড়া, ইউ:/ওয়ার্ড: বাচামারা, ডাকঘর: বাচামারা (১৮৬০), উপজেলা: দৌলতপুর, জেলা: মানিকগঞ্জ। |
| ০২ | ২য় | S-৭৮ | জনাব মোঃ সাইদুল<br>পিতা: মোঃ রফিক হাওলাদার<br>মাতা: ফাতেমা বেগম | বাসা ও সড়ক: পূর্ব সানেশ্বর, গ্রাম: সানেশ্বর, ইউ:/ওয়ার্ড: সূর্যমনি, ডাকঘর: গুলবাগ (৮৬২৩), উপজেলা: বাউফল, জেলা: পটুয়াখালী। | বাসা ও সড়ক: পূর্ব সানেশ্বর, গ্রাম: সানেশ্বর, ইউ:/ওয়ার্ড: সূর্যমনি, ডাকঘর: গুলবাগ (৮৬২৩), উপজেলা: বাউফল, জেলা: পটুয়াখালী। |

শর্তাবলী:

১। চাকরিতে যোগদানের সময় প্রার্থীকে সিভিল সার্জন এর নিকট হতে স্বাস্থ্যগত সনদপত্র সংগ্রহপূর্বক দাখিল করতে হবে।

২। কোন প্রার্থী স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিবেচিত হলে কোন কারণ দর্শানো ছাড়াই নিয়োগপত্র বাতিল হিসেবে গণ্য করা হবে।

৩। প্রার্থীর চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ ভেরিফিকেশন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে।

৪। কোন প্রার্থী পুলিশ ভেরিফিকেশনে অনুপযুক্ত বিবেচিত হলে কোন কারণ দর্শানো ছাড়াই তার নিয়োগ বাতিল হিসেবে গণ্য করা হবে।

৫। কোন প্রার্থীর দাখিলকৃত সনদ/কাগজপত্রাদি ভবিষ্যতে মিথ্যা/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। কোন প্রার্থী বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। চাকুরিতে যোগদানের তারিখ হতে ০৫(পাঁচ) বছর চাকুরি করবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

৭। চাকুরিতে যোগদানের পর প্রথম ০৬ মাসের জন্য শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকালে যে কোন প্রার্থীকে চাকরিতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচনা করা হলে কোন কারণ দর্শানো ছাড়াই প্রার্থীকে চাকরিচ্যুত করা হবে অথবা শিক্ষানবিশকাল ০৬ মাস বৃদ্ধি করা যাবে। চাকুরি সন্তোষজনক হলে চাকুরি স্থায়ী করা হবে।

৮। এ নিয়োগপত্রের ফলে স্থায়ী চাকরির জন্য দাবী করা যাবে না। যেকোন সময় কোন কারণ দর্শানো ছাড়াই অস্থায়ী চাকুরি হিসেবে ৩০(ত্রিশ) দিনের নোটিশে প্রার্থীকে চাকরি হতে বরখাস্ত/অপসারণ করা যাবে।

চলমান পাতা-২

৯। কোন প্রার্থী স্বেচ্ছায় চাকরি ত্যাগ করলে কমপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাতে হবে। এক্ষেত্রে তার সর্বশেষ আহরিত ০১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ বাংলাদেশ চা বোর্ডে জমা দিতে হবে।

১০। এ নিয়োগপত্রে সুস্পষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত ও সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১১। চাকরিতে যোগদানের সময় প্রার্থীকে পরীক্ষার মূল প্রবেশপত্রের ফটোকপি, আবেদনকপি, প্রার্থীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, জাতীয়তা সনদের ফটোকপি, শিক্ষাগত সনদের ফটোকপি, ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং কোটা সনদের (প্রযোজ্যক্ষেত্রে) ফটোকপি ০১ সেট সত্যায়িত করে জমা দিতে হবে।

১২। চাকরিতে যোগদানের সময় কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। উপরোক্ত শর্তাবলীর আলোকে এ নিয়োগপত্র গ্রহণে সম্মত হলে প্রার্থী আগামী ০১/০৭/২০২৬ খ্রি. তারিখ পূর্বাহ্নে চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম বরাবরে যোগদানপত্র দাখিল করবেন।

১৪। এ নিয়োগপত্র বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইট (www.teaboard.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।

১৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

১৬/০৬/২৬

**মোঃ মমিনুর রশিদ**
**সচিব**
**বাংলাদেশ চা বোর্ড**
**ফোন নং+৮৮০২৩৩৩৩৭৫০৬২**
ইমেইল: secretarybtb1@gmail.com

স্মারক নং: ২৬.০৯.০০০০.১০১.১১.০১৯.২৪.১২৫০(১৩)

তারিখ: ০২ আষাড় ১৪৩৩ ব. / ১৬ জুন ২০২৬ খ্রি.

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৫। উপসচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
০৬। পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট/প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
০৮। প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
০৯। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০। পিএ টু সদস্য (অর্থ ও বাণিজ্য)/সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১। জনাব আনিসুর রহমান, পিতা: মোঃ সন্তোষ আলী, মাতা: জাহানারবাসা ও সড়ক: সন্তেষের বাড়ি, গ্রাম: হাজীপাড়া, ইউ:/ওয়ার্ড: বাচামারা, ডাকঘর: বাচামারা (১৮৬০), উপজেলা: দৌলতপুর, জেলা: মানিকগঞ্জ।
১২। জনাব মোঃ সাইদুল, পিতা: মোঃ রফিক হাওলাদার, মাতা: ফাতেমা বেগম, বাসা ও সড়ক: পূর্ব সানেশ্বর, গ্রাম: সানেশ্বর, ইউ:/ওয়ার্ড: সূর্যমনি, ডাকঘর: গুলবাগ (৮৬২৩), উপজেলা: বাউফল, জেলা: পটুয়াখালী।
১৩। অফিস কপি।

১৬/০৬/২৬

**সচিব**
**বাংলাদেশ চা বোর্ড**